

বাংলাদেশ পঞ্জী উন্নয়ন একাডেমি  
কোটবাড়ী, কুমিল্লা।

নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী (২০১৯-২০)

সভাপতিঃ জনাব মোঃ শাহজাহান  
মহাপরিচালক, বার্ড

স্থানঃ মহাপরিচালক, বার্ড এর অফিস কক্ষ  
তারিখঃ ২৪/০৩/২০২০খ্রি।  
সময়ঃ দুপুর ০৩:০০

উপস্থিতি সদস্যবৃন্দঃ নৈতিকতা কমিটির সদস্যগণ (উপস্থিতি সংযুক্ত)

আলোচনা ও সিদ্ধান্তসমূহঃ

সভার প্রারম্ভে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় নৈতিকতা কমিটিতে নতুনভাবে অন্তর্ভুক্ত সদস্য জনাব আবু তালেব, উপ-পরিচালক এবং জনাব মোঃ আনোয়ার হোসেন, সহকারী পরিচালক-কে স্বাগত জানানো হয়। সভায় বার্ডের শুঙ্খাচার কর্মকৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির কর্মকাণ্ড ও ভূমিকা নিয়ে আলোচনা করা হয়। আলোচ্যসূচীর প্রথম অংশে নৈতিকতা কমিটির দ্বিতীয় সভার কার্যবিবরণী পাঠ করা হয়। ২য় সভায় গৃহীত সিদ্ধান্ত পর্যালোচনায় দেখা যায় যে, গৃহীত সিদ্ধান্ত সমূহের প্রায় সবগুলোই বাস্তবায়ন করা হয়েছে। সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রায় ৯০%।

সভায় ২য় আলোচ্যসূচী অনুসারে জাতীয় শুঙ্খাচার কৌশল ও কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০ এর ৩য় কোয়ার্টারের অগ্রগতি উপস্থাপন করা হয়। তৃতীয় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনায় যে যে সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় তা নিম্নরূপঃ

- ১। চতুর্থ কোয়ার্টারে একাডেমীর কর্মকর্তা-কর্মচারীগণের ৬০ ঘন্টা ব্যাপী প্রশিক্ষণের অংশ হিসেবে চাকুরী সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উল্লিখিত প্রশিক্ষণ সমূহে বিভিন্ন আইন-বিধি, শুঙ্খাচার ও সুশাসন বিষয়াদি যুক্ত রাখার বিষয়ে মতামত প্রকাশ করা হয়।
- ২। ক্রয় ক্ষেত্রে শুঙ্খাচার প্রতিষ্ঠা ক্ষেত্রে ই-টেক্নোরের মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। ই-টেক্নোর বিষয়ে কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে একাডেমির কয়েক জন কর্মকর্তা/কর্মচারীগণকে ই-জিপি সংক্রান্ত প্রশিক্ষণ দেয়ার বিষয়ে প্রশিক্ষণ বিভাগকে অনুরোধ করা হয়।
- ৩। চলমান ই-ফাইলিং ব্যবস্থা আরো কার্যকরীভাবে বাস্তবায়নের মতামত প্রদান করা হয়।
- ৪। ৪র্থ কোয়ার্টারে একটি অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ সভায় একাডেমির সকল কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিতি সকলে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ শাহজাহান  
(সালাহু উদ্দিন ইবনে সাঈদ)  
মুস্লিম পরিচালক (জনমিতি) ও ফোকাল পার্সন  
নৈতিকতা কমিটি

(মোঃ শাহজাহান)  
মহাপরিচালক, বার্ড  
ও  
সভাপতি নৈতিকতা কমিটি

বিতরণঃ

- ০১। নৈতিকতা কমিটির সকল সদস্য, বার্ড।
- ০২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী – মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৩। পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী - সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থী।
- ০৪। অফিস কপি।